

PG CBCS
M.A. Semester-I Examination, 2021
BENGALI
PAPER: BNG 103
(প্রাচীন ও আদি মধ্যযুগের সাহিত্যপাঠ)

Full Marks: 40

Time: 2 Hours

যে কোন চারটি (৪) প্রশ্নের উত্তর দাও।

১০ x ৪ = ৪০

- ১) প্রাকৃত পৈঙ্গলের শ্লোকগুলিতে প্রেম ও প্রকৃতি বর্ণনার যে পরিচয় পাওয়া যায় তার বর্ণনা দাও।
- ২) জয়দেব রচিত নিম্নোক্ত দুটি শ্লোকের প্রভাব উত্তরকালীন বাংলা কবিতায় কোথায় কিভাবে দেখা যায় আলোচনা করো।—
ক)পতিত পততে বিচলিত পত্রে
খ)বদসি যদি কিঞ্চিদপি দন্তরুচি কৌমুদী
- ৩)সরহের দোহাকোষ এর “ঘরে অচ্ছই বাহিরে পুচ্ছই” -পদটির শব্দার্থ ও নিহিতার্থ বুঝিয়ে দাও।
- ৪)চর্যাপদে সমাজজীবনের যে ছবি পাওয়া যায় তা পাঠ্য পদগুলি অবলম্বনে আলোচনা করো।
- ৫) “সোনে ভরিতী করুণা নাবী” -পদটির পদকর্তা কে? পদটি কোন রাগে লেখা? পদটির কাব্য সৌন্দর্য বিচার করো।
- ৬)চর্যাপদের কবি ভুসুকু পাদের “কাহারে ঘেনী মেলি...” -পদটির কাব্য সৌন্দর্য ও তত্ত্বকথা বিশ্লেষণ করো।
- ৭) চর্যায় ব্যবহৃত বৌদ্ধ সহজ তত্ত্বের স্বরূপ আলোচনা করো।
- ৮) ‘শ্রীকৃষ্ণকীর্তনের যেখানে শেষ সেখানেই বৈষ্ণব পদাবলীর সূচনা’ -মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো।
- ৯) শ্রীকৃষ্ণকীর্তনের রাধাবিরহ অংশে কৃষ্ণের আচরণকে ‘গততৃষ্ণ কৃষ্ণের আচরণ’ বলা কতখানি সঙ্গত বুঝিয়ে দাও।
- ১০) ‘রাধাবিরহ’ পর্যায়টিকে অবলম্বন করে ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের অন্তর্গত রাধা চরিত্রের রূপরেখা অঙ্কন করো।
